গাংনীতে ধর্ষণের শিকার প্রতিবন্ধীর সন্তানের মিলছে না পিতৃ পরিচয়

মেহেরপুরের গাংনীতে ধর্ষণের শিকার বাকপ্রতিবন্ধী তাপসীর সন্তানের পিতার পরিচয় মিলছে না। পিতার পরিচয় সনাক্ত করতে বানারুল ইসলাম নামের এক ব্যক্তির ডিএনএ (ডিঅক্সিরাইবো নিউক্লিক অ্যাসিড) পরীক্ষা করা হলেও তার সাথে মিলছে না শিশুর পিতৃ পরিচয়। এ নিয়ে বাকপ্রতিবন্ধীর পরিবার চরম বিপাকে পড়েছে।

তাপসী খাতুন কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা গ্রামের আনারুল ইসলামের মেয়ে ও বানারুল একই গ্রামের রাহিল উদ্দীনের ছেলে।

তাপসীর মা ফিরোজা খাতুন জানান, তার বাকপ্রতিবন্ধী মেয়ে তাপসীকে ধর্ষণের ঘটনায় প্রতিবেশী বানারুলের বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের করা হয়। মামলা নং ৮। তাং ০৬.০৮.২০২০ ইং। মামলায় কয়েক মাস জেল থেকে জামিনে মুক্তি পেয়েছে ধর্ষক বানারুল ইসলাম।

গত ৬ নভেম্বর রাতে মেহেরপুর জেনারেল হাসপাতালে তাপসী একটি কন্যা সন্তান প্রসব করলেও বানারুলের সাথে তাপসীর কন্যার ডিএনএ টেস্ট মেলেনি বলে পুলিশ জানিয়েছে।
তবে তাপসী বাকপ্রতিবন্ধী হলেও আদালতসহ সকলকে জানিয়েছে বানারুল তাকে ধর্ষণ করেছে। বানারুল প্রভাবশালীদের ছত্রছায়ায় থাকার কারণে সে মামলা তুলে নেয়াসহ নানা ভাবে হুমকি দিচ্ছে।

বাকপ্রতিবন্ধী তাপসীর নানী আনোয়ারা খাতুন জানান, প্রতিবেশী রহিল উদ্দীনের ছেলে বানারুল তাপসীকে জোর পূর্বক ধর্ষণ করে। ধর্ষণের কারণে গর্ভবর্তী হয়ে সন্তান প্রসব করেছে তাপসী। আমরা দরিদ্র মানুষ তিন বেলা আমাদের ভাত জোটে না। বিচার না পেলে স্ব পরিবারে মৃত্যু ছাড়া কোন পথ নেই তাদের।

তাপসীর মামাতো ভাই মকলেচুর রহমান জানান, মামলা ভিন্নখাতে প্রবাহিত করার জন্য বানারুল কতিপয় সমাজ পতিদের নিয়ে নানা অপপ্রচার করছে। এদিকে ধর্ষণ মামলার আসামি বানারুল ইসলাম দাবী করেছেন তিনি এ ঘটনার সাথে জড়িত নয়।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই সুমন জানান, মামলার আসামি বানারুলের সাথে শিশুর ডিএনও টেস্টে মিল নেই। এ কারণে তাপসীর সাবেক স্বামীর ডিএনও টেস্ট করা হবে।

এছাড়া তাপসী আদালতকে জানিয়েছে, বানারুল তাকে ধর্ষণ করেছে। তাপসীর সন্তানের সাথে বানারুলের ডিএনও টেস্টে মিল না হলেও ধর্ষণের সাথে বানারুল জড়িত বলে স্থানীয়রা জানিয়েছে। মামলার তদন্ত শেষ করতে আরো কিছু সময় লাগবে।

মেহেরপুরে পালাতক আসামী বানারুল আটক

মেহেরপুরে মাদক মামলার পালাতক আসামী মো: বানারুল ইসলাম(২২) কে আটক করেছে ডিবি পুলিশ।

বুধবার দুপুর ২ টার সময় মেহেরপুর কলেজ মোড় থেকে এস আই অজয় কুমার কুন্ডুর এবং হাবিবুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত বানারুল ইসলাম(২২) গাংনীর খাসমহল গ্রামের মৃত: নজরুল ইসলামের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে পালাতক আসামী মো: বানারুল ইসলাম কে আটক করেছে ডিবি পুলিশের একটি চৌকশ দল।

তাদের বিরুদ্ধে গাংনী থানায় মাদক দব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রয়েছে, যার নং:২৬ তারিখ ২৮-০১-২০২১ ধারা ২০১৮ সালের মাদক দব্য নিয়ন্ত্রণ আইনের ৩৫ (১) সারনির ১৪ (খ)/৪১।

মামলা প্রত্যাহারের দাবিতে গাংনীতে অবসরপ্রাপ্ত সেনা সদস্য’র অনশন

মামলা প্রত্যাহারের দাবিতে মেহেরপুরের গাংনীতে অনশন করছেন অবসর প্রাপ্ত সেনা সদস্য মহিবুল ইসলাম।

মঙ্গলবার সন্ধ্যায় গাংনী বাজার বাসষ্টান্ডে তিনি অনশন শুরু করেন। মহিবুল ইসলাম গাংনী থানাপাড়ার ইব্রাহীম জোর্য়াদ্দারের ছেলে।

তিনি বলেন, সামাজিক ভাবে হেয় করার জন্য তার নামে সাজানো মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। মিথ্যা মামলা প্রত্যাহার করা না হওয়া পর্যন্ত তিনি অনশন পালন করবেন বলে জানিয়েছেন।

তিনি আরো বলেন, গাংনী থানাপাড়ার সিদ্দিকুর রহমানের ছেলে লিটন হোসেনকে মারধর করা হয়েছে মর্মে ৪ জনকে আসামী করে মেহেরপুর সিনিয়র ম্যাজিষ্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করে।

মামলাটি আমলে নিয়ে থানা গাংনী থানাকে নথিভুক্ত করার নির্দেশনা দেয়া হয়। সে মামলায় মহিবুলকে ৪ নং আসামী করা হয়েছে বলে তিনি জানান।

গাংনীতে তিন ওষুধ ব্যাবসায়ীকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে তিনটি ওষুধের দোকানে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের একটি টিম গাংনী উপজেলার কয়েকটি দোকানে অভিযান পরিচালনা করলে তিনটি দোকানে মেয়াদউত্তীর্ণ ওষুধ রাখার অপরাধে জরিমানা করা হয়।

সূত্রে জানাযায়, গাংনী বাজারের সবুজ ফার্মেসীকে ৩ হাজার টাকা, মিঠু ফার্মেসী ৩ হাজার টাকা এবং তহুরা ফার্মের্সীকে ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ।

এসময় ও ওষুধ প্রশাসন বিভাগের (চুয়াডাঙ্গা) সহকারি পরিচালক কে.এম.মুহসীনিন মাহাবুব, উপজেলা নির্বাহী কর্মকর্তা কার্যালয়ের সহকারি সোহরাব হোসেন, গাংনী বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপনসহ গাংনী থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভুট্টা-মটরশুটি চাষে নতুন প্রযুক্তির মাঠ দিবস

মেহেরপুরে ভুট্টা ক্ষেতের মধ্যে মটরশুটি আবাদে সাফল্য অর্জন করেছেন বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সিটিউটের (বারি) গবেষকরা। জেলার চেংগাড়া গ্রামের মাঠে কৃষক আব্দুল খালেকের জমিতে আবাদের এ সফলতা তুলে ধরা হয়েছে এলাকার বিভিন্ন কৃষকদের মাঝে। একই খরচে দুটি ফসল আবাদ করতে পেরে চাষিদের লাভ এখন দ্বিগুণ।

গতকাল মঙ্গলবার দুপুরে চেংগাড়া মাঠে আয়োজিত মাঠ দিবসে এ প্রযুক্তির বিস্তারিত বর্ণনা দেন বারির গবেষকরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বারি প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দেলোয়ার আহম্মেদ চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বারি পাবনা গবেষণা কেন্দ্রের পরিচালক ড. দেবাশিস সরকার।

উপস্থিত ছিলেন ভুট্টার সাথে মটরশুটি প্রযুক্তির উদ্বাবক ড. শাহীনুজ্জামান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ, গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম শাহাবুদ্দিন আহম্দেসহ বারি গবেষকবৃন্দ।

গাংনীতে সুবিধাবঞ্চিত শিশুদের ইচ্ছাপূরণে বনভোজন

মেহেরপুরের গাংনীতে সুবিধাবঞ্চিত শিশুদের ইচ্ছাপূরণে বনভোজন ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বেলা ১১টার দিকে গাংনী এতিমখানা ও হাফিজিয়া মাদ্রাসা প্রাঙ্গণে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

কিশোরের ডাক সংগঠনের সভাপতি আবদুল্লাহ-আল-নোমান এর আয়োজনে প্রতিযোগিতা অনুষ্ঠানে অতিথি হিসেবে গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, বাংলা টিভি ও দৈনিক মানবজমিনের জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, বাজার কমিটির সভাপতি মাহবুবুল হক স্বপন, সাংবাদিক তোফায়েল হোসেন, এস এম রফিকুল আলম বকুল,

মুভিবাংলা টেলিভিশনের মেহেরপুর প্রতিনিধি রাব্বি আহমেদ, জয়যাত্রা টেলিভিশন এর মেহেরপুর প্রতিনিধি আব্দুল্লাহ আল মুনিবসহ গাংনী এতিমখানা ও হাফেজিয়াা মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ভাতাভোগিদের মোবাইল ব্যাংকিং কার্যক্রমের উদ্বোধনকালে- এমপি খোকন

মেহেরপুরের গাংনীতে সমাজ সেবা কর্তৃক প্রাপ্ত ভাতাভোগিদের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভাতা প্রদান করা হবে। আজ রোববার এর উদ্বোধন করেন সাহিদুজ্জামান খোকন এমপি।

ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে সেবা প্রান্তজনে বয়ষ্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভোগীদের বিকাশের মাধ্যমে মোবাইলে হিসাব খোলা কার্যক্রমের উদ্ধোধন কালে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, বর্তমানে দেশের বিভিন্ন এলাকায় বিকাশ কিংবা রকেটে মাধ্যমে লক্ষ লক্ষ টাকা জালিয়াতি হচ্ছে। কোন মাসের টাকা কোন মাসে পাওয়া যায় তারও কোনো ঠিক নাই।

ব্যাংকে টাকা তুলতে গেলে সারাদিন পরে হলেও টাকা হাতে পেয়ে খুশিতে আত্নহারা হয়ে বাড়ি ফেরেন একজিন ভাতা গ্রহিতা। অথচ মোবাইলের মাধ্যমে যারা টাকা পাবেন এমন লোকও আছে যারা নিজের মোবাইলের নাম্বার টাও বলতে পারেননা। এমন কি টাকার ম্যাসেজ পাঠানো হলেও ভাতাভোগী বুঝে উঠবেননা তিনি টাকা পেয়েছেন কিনা। তিনি সঠিক সময়ে টাকা না পেলে বা টাকার পরিমাণ কম পেলে অভিযোগ করা বা তা খন্ডন করার কেউ থাকবেনা। বরং ভাতাভোগী নানা বিড়ম্বনায় পড়বেন। হবেন প্রতারিত।

ইতো-মধ্যে সরকারের করোনা কালীন সময়ে আর্থিক সহায়তা প্রদানে নানা টালবাহানা করেছে বিকাশ বা অন্যান্য মোবাইল কোম্পানী। কার টাকা কার মোবাইলে গেছে তা দেখার বা বলার কেউ নেই।

এছাড়াও উপবৃত্তির টাকা প্রদানের ক্ষেত্রেও নানা অসুবিধা হয়েছে শিক্ষার্থীদের। বিকাশ কোম্পানী সরকারের কাছ থেকে টাকা নিয়ে সে টাকা সঠিক ভাবে প্রদান করেননি এমন অহরহ ঘটনা আছে আমাদের দেশে।

এঅবস্থায় অনেক কোম্পানীর লোকজন বিভিন্ন অফার বা অন্যান্য সুযোগ সুবিধার কথা বলে সরকারি টাকা প্রদানের চুক্তি নিচ্ছেন বটে, কিন্তু তাতে বাড়ছে প্রতারনা ও বিড়ম্বনা। আর এসকল কাজ যারা সরকারে কাছ থেকে চুক্তির প্রস্তাবনা দিচ্ছেন তারা না বুঝে প্রস্তাব দিচ্ছেন বলেও মন্তব্য করেন এ সাংসদ। এমন কাজ কর্মে বুঝে শুনে প্রস্তাবনা দেয়ার জন্য সরকারি কর্মকর্তাকে সজাগ থাকারও আহব্বান করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সমাজ সেবা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কাজী কাদের মোহাঃ ফজলে রাব্বি।

অনুষ্ঠানে ৪০ জন ভাতাভোগি বিকাশ অ্যাকাউন্ট খুলেছেন। গাংনীতে ২ হাজার ভাতাভোগি বিকাশে হিসাব খুলবেন বলে জানিয়েছেন গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার কাজি মোঃ আবুল মনসুর।

গাংনীতে করনো টিকা দান কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে করোনা ভাইরাস টিকার উদ্বোধন করা হয়েছে। আজ সকাল সাড়ে ১২ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এ সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচ এফপিও রিয়াজুল আলম বলেন, এ টিকার কোন প্বার্শপ্রতিক্রিয়া নেই। সকলকে টিকা নেওয়ার আহ্বান জানান।

এমটিইপিআই আব্দুর রশিদ জানান, উদ্বোধনের দিন ২০ জনকে টিকা দেয় হয় এবং টিকা নেবার জন্য রেজিষ্ট্রেশন করেছেন ৩৪৫ জন। টিকা প্রদানের ক্ষেত্রে মানুষকে সচেতন করতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ।

হাসপাতালের চিকিৎসক, নার্সসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ সানন্দে টিকাদান কার্যক্রমকে গ্রহন করেন।

উপজেলা নির্বাহী আরএম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী থানার ওসি বজলুর রহমান, আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানাসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সকল নার্স ও স্টাফ বৃন্দ।

জেলার তিন উপজেলার ৯ টি বুথে চলছে টিকাদান কার্যক্রম।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

আমন্ত্রিত অতিথি ছিলেন গাংনী পাইলট হাইস্কুল এন্ড কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক আশরাফুল হক, গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক আতর আলী প্রমুখ।

এসময় ভলিবল প্রশিক্ষণের সহকারী আলামিন হোসেন, আব্দুল গাফ্ফার, ও ক্রীড়ামোদী বৃন্দ উপস্থিত ছিলেন। পরে খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।